

যুগান্তর

প্রিন্ট: ২৭ নভেম্বর ২০২৫, ০৩:৪১ পিএম

রাজধানী

প্রাথমিক শিক্ষকদের লাগাতার কর্মবিরতি



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২৭ নভেম্বর ২০২৫, ০২:৫৭ পিএম



ছবি: সংগৃহীত

প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের ১০ম গ্রেডে বেতন নির্ধারণ, ১০ বছর ও ১৬ বছর পূর্তিতে উচ্চতর গ্রেড জটিলতা নিরসন ও সহকারী শিক্ষক থেকে প্রধান শিক্ষক পদে শতভাগ বিভাগীয় পদোন্মতির দাবিতে আন্দোলন করা প্রাথমিক শিক্ষকরা এবার লাগাতার কর্মবিবরিতির ঘোষণা দিয়েছেন।

বৃহস্পতিবার (২৭ নভেম্বর) থেকে এ কর্মসূচি পালিত হচ্ছে বলে জানিয়েছে প্রাথমিক শিক্ষক দাবি বাস্তবায়ন পরিষদ।

এদিন এক প্রেস বিজ্ঞপ্তিতে এ কথা জানায় সংগঠনটি।

এতে বলা হয়, গত ৮ নভেম্বর ঢাকা কেন্দ্রীয় শহীদ মিনারে অবস্থান কর্মসূচি ও ঢাকার শাহবাগে কলম সমর্পণ কর্মসূচি পালন এবং এসব কর্মসূচিতে পুলিশের অতর্কিত হামলায় শতাধিক শিক্ষক আহত হওয়ার পর প্রাথমিক শিক্ষক দাবি বাস্তবায়ন পরিষদের নেতাদের সঙ্গে ৯ নভেম্বর প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিবসহ উৎবর্তন কর্মকর্তা এবং ১০ নভেম্বর অর্থমন্ত্রণালয়ে আলোচনার সিদ্ধান্ত অনুযায়ী ১০ নভেম্বর অর্থমন্ত্রণালয়ের প্রেস বিজ্ঞপ্তিতে উল্লেখিত ৩ দফা দাবির মধ্যে ১১তম গ্রেডের প্রজ্ঞাপন জারি ও অন্যান্য দাবি বাস্তবায়নে কাঙ্ক্ষিত অগ্রগতি না হওয়ায় প্রাথমিক শিক্ষক দাবি বাস্তবায়ন পরিষদের পূর্ব ঘোষিত ৩০ নভেম্বর থেকে লাগাতার কর্মবিবরিতি কর্মসূচি পরিবর্তন করে ২৭ নভেম্বর থেকে পুনঃনির্ধারণ করা হয়েছে। অর্থাৎ বৃহস্পতিবার থেকে প্রাথমিক শিক্ষক দাবি বাস্তবায়ন পরিষদের লাগাতার কর্মবিবরিতি কর্মসূচি শুরু হবে।

তিন মামলায় হাসিনার ১১ বছরের কারাদণ্ড

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, অর্থ মন্ত্রণালয়ের কমিটিমেন্ট অনুযায়ী আপাতত ১১তম গ্রেডসহ ৩ দফা বাস্তবায়ন না হওয়া পর্যন্ত পুর্ণদিবস কর্মবিবরিতি কর্মসূচি চলবে।

এদিকে, গত ৮ নভেম্বর শাহবাগে সহকারী শিক্ষকদের কলম সমর্পণ কর্মসূচি চলাকালে পুলিশের সঙ্গে সংঘর্ষে আহতদের মধ্যে চাঁদপুর জেলার উত্তর মতলব উপজেলার বিনাইয়া সরকরি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ফাতেমা আকতার মিরপুর আলোক হাসপাতালে

আইসিইউতে চিকিৎসাধীন ছিলেন। গত ১৬ নভেম্বর সেখানে চিকিৎসাধীন তার মৃত্যু হয়।

দাবি আদায়ে সড়কে শুরৈ আছেন শিক্ষকরা

এক নজরে প্রাথমিক শিক্ষক দাবি বাস্তবায়ন পরিষদের ও দফা দাবি:

১. সহকারী শিক্ষকদের বেতন ক্ষেল ১০ম গ্রেডে নির্ধারণ;
২. ১০ বছর ও ১৬ বছর পূর্তিতে উচ্চতর গ্রেড প্রাপ্তির বিষয়ে জটিলতার অবসান এবং
৩. সহকারী শিক্ষক থেকে প্রধান শিক্ষক পদে শতভাগ বিভাগীয় পদোন্নতি।